গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদ্রাসা শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.tmed.gov.bd

## প্রজ্ঞাপন

নং- ৫৭.০০.০০০০.০৫৫.৩৩.০১০.২১-০৭

তারিখ: ০৫ মাঘ ১৪৩২ / ১৯ জানুয়ারি ২০২৬

দেশের ০৩টি সরকারি আলিয়া মাদ্রাসা এবং বেসরকারি (স্বতন্ত্র ইবতেদায়ী, দাখিল, আলিম, ফাজিল ও কামিল) মাদ্রাসাসমূহের জন্য ২০২৬ সালের (১৪৩২-১৪৩৩ বঙ্গাব্দ) ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি নিম্নোক্তভাবে অনুমোদন জ্ঞাপন করা হলো:

| ক্রম. | ছুটির উপলক্ষ | তারিখ ও বার | তারিখ, বঙ্গাব্দ | দিন |
|---|---|---|---|---|
| ১. | *শব-ই-মিরাজ | ১৭ জানুয়ারি, ২০২৬ শনিবার | ০৩ মাঘ ১৪৩২ | ০ দিন |
| ২. | *শব-ই-বরাত | ০৪ ফেব্রুয়ারী থেকে ০৫ ফেব্রুয়ারী ২০২৬ বুধবার ও বৃহস্পতিবার | ২১ মাঘ ও ২২ মাঘ ১৪৩২ | ০২ দিন |
| ৩. | *পবিত্র রমজান, **শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস (২১ ফেব্রুয়ারী),** *শব-ই-কদর (১৭ মার্চ), *জুমাতুল-বিদা (২০ মার্চ), *ঈদ-উল-ফিতর (২১ মার্চ) ও **মহান স্বাধীনতা ও জাতীয় দিবস (২৬ মার্চ)** | ১৫ ফেব্রুয়ারী ২০২৬ রবিবার থেকে ২৬ মার্চ, ২০২৬ বৃহস্পতিবার | ০২ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ থেকে ১২ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ | ৩০ দিন |
| ৪. | বাংলা নববর্ষ | ১৪ এপ্রিল ২০২৬, মঙ্গলবার | ০১ বৈশাখ ১৪৩৩ | ০১দিন |
| ৫. | মে দিবস | ০১ মে, ২০২৬ শুক্রবার | ১৮ বৈশাখ ১৪৩৩ | ০ দিন |
| ৬. | বুদ্ধ পূর্ণিমা | ০১ মে, ২০২৬ শুক্রবার | ১৮ বৈশাখ ১৪৩৩ | ০ দিন |
| ৭. | *পবিত্র ঈদ-উল-আজহা ও গ্রীষ্মকালীন অবকাশ | ২৪ মে ২০২৬ রবিবার থেকে ১১ জুন ২০২৬ বৃহস্পতিবার | ১০ জ্যৈষ্ঠ ১৪৩৩ থেকে ২৮ জ্যৈষ্ঠ ১৪৩৩ | ১৫ দিন |
| ৮. | *হিজরি নববর্ষ | ১৬ জুন, ২০২৬ মঙ্গলবার | ০২ আষাঢ় ১৪৩৩ | ০১দিন |
| ৯. | * পবিত্র আশুরা | ২৬ জুন, ২০২৬ শুক্রবার | ১২ আষাঢ় ১৪৩৩ | ০ দিন |
| ১০. | জুলাই গণঅভ্যুত্থান দিবস | ০৫ আগষ্ট, ২০২৬ বুধবার | ২১ শ্রাবণ ১৪৩৩ | ০১দিন |
| ১১. | *আখেরি চাহার সোম্বা | ১২ আগষ্ট, ২০২৬ বুধবার | ২৮ শ্রাবণ ১৪৩৩ | ০১ দিন |
| ১২. | *পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) | ২৬ আগষ্ট, ২০২৬ বুধবার থেকে ২৭ আগষ্ট, ২০২৬ বৃহস্পতিবার | ১১ ও ১২ ভাদ্র ১৪৩৩ | ০২ দিন |
| ১৩. | জন্মাষ্টমী | ০৪ সেপ্টেম্বর, ২০২৬ শুক্রবার | ২০ ভাদ্র ১৪৩৩ | ০ দিন |
| ১৪. | *ফাতেহা-ই- ইয়াজদাহম | ২৪, সেপ্টেম্বর, ২০২৬ বৃহস্পতিবার | ০৯ আশ্বিন ১৪৩৩ | ০১ দিন |
| ১৫. | দুর্গাপূজা | ২০ অক্টোবর, ২০২৬ মঙ্গলবার থেকে ২২ অক্টোবর, ২০২৬ বৃহস্পতিবার | ০৪ কার্তিক ১৪৩৩ থেকে ০৬ কার্তিক ১৪৩৩ | ০৩ দিন |
| ১৬. | মহান বিজয় দিবস (১৬ ডিসেম্বর), বিশ্ব আরবি ভাষা দিবস (১৮ ডিসেম্বর), ঈসা (আ.) এর জন্মদিন (২৫ ডিসেম্বর) ও শীতকালীন অবকাশ | ১৩ ডিসেম্বর, রবিবার ২০২৬ থেকে ২৪ ডিসেম্বর ২০২৬ বৃহস্পতিবার | ২৮ অগ্রহায়ণ ১৪৩৩ থেকে ০৯ পৌষ ১৪৩৩ | ১০ দিন |
| ১৭. | প্রতিষ্ঠান প্রধানের সংরক্ষিত ছুটি | | | ০৩ দিন |
| | **সর্বমোট** | | | **৭০ দিন** |

***চিহ্নিত ছুটির তারিখ চাঁদ দেখার উপর নির্ভরশীল।**

➡ **হাওড় অঞ্চলে বোরো ধান কাটা উপলক্ষ্যে মার্চ মাসের শেষ সপ্তাহ থেকে এপ্রিল মাসের ১ম সপ্তাহ পর্যন্ত শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে অনুপস্থিত থাকতে দেখা যায়। তাই হাওড় অঞ্চলের মাদ্রাসাসমূহের প্রধানগণ মোট ছুটি ঠিক রেখে পবিত্র ঈদুল আযহা ও গ্রীষ্মকালীন ছুটি থেকে সমন্বয় করে উল্লিখিত সময়ে ১০ (দশ) দিন শ্রেণি কার্যক্রম বন্ধ রাখতে পারবেন।**

| **এবতেদায়ী ও দাখিল স্তরে পরীক্ষা গ্রহণের সময়সূচি** | | |
|---|---|---|
| **ক্রম** | **পরীক্ষার নাম** | **পরীক্ষা গ্রহণের তারিখ ও ফলাফল প্রকাশ** |
| ১. | অর্ধবার্ষিক পরীক্ষা | ২৫ জুন ২০২৬ বৃহস্পতিবার থেকে ১৫ জুলাই ২০২৬ রবিবার |
| ২. | দাখিল নির্বাচনী পরীক্ষা | ১১ অক্টোবর ২০২৬ রবিবার থেকে ১০ নভেম্বর ২০২৬ মঙ্গলবার |
| ৩. | বার্ষিক পরীক্ষা ও আলিম নির্বাচনী পরীক্ষা | ১৯ নভেম্বর ২০২৬ বৃহস্পতিবার থেকে ১০ ডিসেম্বর ২০২৬ বৃহস্পতিবার |

**অনুসরণীয় নির্দেশনা:**

১. কোনো সরকারি কর্মকর্তার পরিদর্শন উপলক্ষ্যে মাদ্রাসা ছুটি দেওয়া যাবে না এবং সংবর্ধনা/পরিদর্শন উপলক্ষ্যে শিক্ষার্থীদের ক্লাস বন্ধ করা যাবে না। সংবর্ধিত/পরিদর্শনকারী ব্যক্তির প্রতি সম্মান প্রদর্শনের জন্য শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না;

২. জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ দিবস যথা: ২১ ফেব্রুয়ারি, ২৬ মার্চ, ১৬ ডিসেম্বর ক্লাস বন্ধ থাকবে। তবে সংশ্লিষ্ট দিবসের বিষয়ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে দিবসটি উদযাপন করতে হবে;

৩. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক যে সকল সাধারণ ছুটি (পাবলিক হলিডে) এবং নির্বাহী আদেশে সরকারি ছুটি বলে ঘোষণা করা হবে, সে সকল দিন উক্ত ৭০ দিনের অন্তর্ভুক্ত হবে;

৪. ছুটিকালীন সময়ে অনুষ্ঠেয় ভর্তি/অন্যান্য পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনে মাদ্রাসা খোলা রাখতে হবে;

৫. পাবলিক পরীক্ষার কেন্দ্র থাকলে উক্ত মাদ্রাসায় পরীক্ষার সময় বিকল্প ব্যবস্থায় এবং কেন্দ্র ব্যতিত অন্যান্য মাদ্রাসায় যথারীতি শ্রেণি কার্যক্রম চালু থাকবে। কোনো অবস্থাতেই পাঠদান/শ্রেণি কার্যক্রম বন্ধ রাখা যাবে না;

৬. সংরক্ষিত ছুটি ভোগ করলে সংশ্লিষ্ট মাদ্রাসাকে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় বরাবর অবহিত করতে হবে;

৭. সাপ্তাহিক ছুটি ০২ দিন নির্ধারণ করায় প্রতিটি মাদ্রাসা যথাযথ পাঠপরিকল্পনা প্রণয়নপূর্বক সিলেবাস সমাপ্ত করবেন; এবং

৮. কোনো মাদ্রাসা প্রয়োজন মনে করলে শিক্ষার্থীদের স্বার্থে শনিবার (জাতীয় কোনো দিবস না হলে) বিশেষ/অতিরিক্ত শ্রেণি কার্যক্রম পরিচালনা করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২০/০১/২০২৬
মো: রাহাত মান্নান
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশাসন শাখা
গাইড হাউস, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.২৫- 28 তারিখ: ০৬ মাঘ, ১৪৩২ / ২০ জানুয়ারী, ২০২৬

উপর্যুক্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে দেশের ০৩টি সরকারি আলিয়া মাদ্রাসা এবং বেসরকারি (স্বতন্ত্র ইবতেদায়ী, দাখিল, আলিম, ফাজিল ও কামিল) মাদ্রাসাসমূহের জন্য ২০২৬ সালের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০.১.২০২৬
ফিরোজ আল মাহমুদ
সহকারী পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

১। অধ্যক্ষ, সরকারি মাদ্রাসা-ই আলিয়া, ঢাকা/সিলেট সরকারি আলিয়া মাদ্রাসা সিলেট/সরকারি মুস্তাফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া
২। অধ্যক্ষ/সুপার/ এবতেদায়ী প্রধান .........(সকল বেসরকারি মাদ্রাসা)

বিতরণ:

১। জেলা প্রশাসক.... (সকল)
২। উপজেলা নির্বাহী অফিসার... (সকল)
৩। জেলা শিক্ষা অফিসার.... (সকল)
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার... (সকল)

} তার আওতাধীন সকল মাদ্রাসায় উল্লিখিত নির্দেশনা অনুসরণ করার অনুরোধসহ।

সদয় অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।